

REGIONAL NEWS UNIT
ALL INDIA RADIO, AGARTALA
Date : 26-02-2026
Time: 07:35-07:40 AM Hrs
BENGALI MORNING BULLETIN

TBSE :

ত্রিপুরা মাধ্যমিক শিক্ষা পর্ষদ পরিচালিত এবছরের মাধ্যমিক পরীক্ষা আজ থেকে শুরু হচ্ছে। আজ প্রথম দিনে মাধ্যমিক এবং মাদ্রাসা আলিমে ইংরেজি বিষয়ে পরীক্ষা হবে। এবছর মাধ্যমিক পরীক্ষায় মোট পরিক্ষার্থীর সংখ্যা ৩২ হাজার ৪ জন। এদের মধ্যে মাদ্রাসা আলিম পরিক্ষার্থীর সংখ্যা ১৫৫ জন। মাধ্যমিক পরীক্ষায় মোট পরীক্ষা কেন্দ্র ৬৯টি।

PM :

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী গতকাল ইসরায়েলের তেল আবিবে ইসরায়েলি প্রধানমন্ত্রী বেঞ্জামিন নেতানিয়াহর সাথে বৈঠক করেছেন। প্রধানমন্ত্রী সামাজিক মাধমে বলেছেন তাদের আলোচনার মূল বিষয়গুলির মধ্যে ছিল প্রযুক্তি, জলসম্পদ ব্যবস্থাপনা, কৃষি, মানব সম্পদ উন্নয়নে সহযোগিতা এবং সহযোগিতা সম্প্রসারণের উল্লেখযোগ্য সম্ভাবনা ইত্যাদি। প্রধানমন্ত্রী বলেন যে তারা এই অঞ্চলের গুরুত্বপূর্ণ উন্নয়ন নিয়েও বিস্তারিত আলোচনা করেছেন।

Handloom Expo-Bikash Debbarma :

জনজাতি কল্যাণমন্ত্রী বিকাশ দেববর্মা বলেছেন, রাজ্য সরকার জনজাতিদের আর্থিক উন্নয়নের লক্ষ্যে বিভিন্ন প্রকল্প রূপায়নের মাধমে কাজ করে চলেছে। গতকাল হস্ততাঁত, হস্তকারু ও রেশম শিল্প দপ্তর ও খোয়াই জেলা প্রশাসনের যৌথ উদ্যোগে তেলিয়ামুড়ার চাকমাঘাট ব্যারেজ সংলগ্ন স্থানে ১৪ দিনব্যাপী

হাতকরঘা মেলা ও রাজ্যভিত্তিক হ্যান্ডলুম এক্সপোর উদ্বোধন করে একথা বলেন তিনি। মন্ত্রী খোয়াই জেলাকে রাজ্যের অন্যতম প্রগতিশীল জেলা হিসেবে গড়ে তুলতে সকলের সহযোগিতা কামনা করেন। অনুষ্ঠানে বক্তব্য রাখেন খোয়াই জিলা পরিষদের সভাধিনেত্রী অপর্ণা সিংহ রায়।

BJP :

বিকশিত ভারত ও বিকশিত ত্রিপুরার বাস্তব রূপরেখা কি হবে তা তুলে ধরার জন্য খাদি গ্রাম বিকাশ সংস্থার উদ্যোগে আজ আগরতলার শিশু উদ্যানে তিন দিনব্যাপী মেগা প্রদর্শনী শুরু হচ্ছে। মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা এই মেগা প্রদর্শনীর সূচনা করবেন। আগরতলা প্রেস ক্লাবে আয়োজিত সাংবাদিক সম্মেলনে গতকাল একথা জানিয়েছেন রাজ্যসভার সাংসদ রাজীব ভট্টাচার্য।

C.P.A Conference :

রাজ্যের নির্বাচিত জন প্রতিনিধিদের দায়িত্ব কর্তব্য ও জবাবদিহিতা নিয়ে রাজ্য বিধানসভার উদ্যোগে আগামীকাল প্রজ্ঞাভবনে এক আলোচনা সভা ও কর্মশালার আয়োজন করা হয়েছে। রাজ্যপাল ইন্দ্র সেনা রেড্ডী নাল্লু আলোচনা সভা ও কর্মশালার উদ্বোধন করবেন। গতকাল রাজ্য বিধানসভা ভবনে এক সাংবাদিক সম্মেলনে বিধানসভার উপাধ্যক্ষ রামপ্রসাদ পাল এই সংবাদ জানান। সাংবাদিক সম্মেলনে পরিষদীয় মন্ত্রী রতন লাল নাথ উপস্থিত ছিলেন। সম্মেলনে উপস্থিত থাকবেন মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা. মানিক সাহা, রাজ্যসভার ডেপুটি চেয়ারম্যান হরিবংশ নারায়ন সিং, কেন্দ্রীয় আইন ও সংসদ বিষয়ক মন্ত্রী কিরেন রিজিজুও।

PM Surya Ghar:

ত্রিপুরা রাজ্য বিদ্যুৎ নিগম লিমিটেডের ব্যবস্থাপক অধিকর্তা বিশ্বজিৎ বসু জানিয়েছেন রাজ্যে ২০২৭ সালের মধ্যে ৫০ মেগাওয়াট সৌর বিদ্যুৎ উৎপাদনের লক্ষ্যমাত্রা নেওয়া হয়েছে এবং সেই লক্ষ্যে দপ্তর কাজ করছে। তিনি জানান, ইতিমধ্যে পিএম সূর্য ঘর মুফত বিজলি যোজনায় রাজ্যের ২ হাজার ৩৫০ জন বিদ্যুৎ গ্রাহক সোলার প্যানেল বসিয়ে মোট ৮ মেগাওয়াট বিদ্যুৎ উৎপাদন করছেন। এর ফলে রাজ্যে সৌর বিদ্যুৎ উৎপাদনের ক্ষেত্রে পিএম সূর্য ঘর মুফত বিজলি যোজনা এক ঐতিহাসিক মাইল ফলক স্পর্শ করেছে।

Sudhanshu Das-Review Meeting :

মৎস্য, প্রাণীসম্পদ বিকাশ এবং তপশিলি জাতি কল্যাণ মন্ত্রী সুধাংশু দাস বলেছেন কেন্দ্রীয় ও রাজ্য সরকারের বিভিন্ন প্রকল্পের সুফল যাতে নির্ধারিত সময়ের মধ্যে প্রকৃত সুবিধাভোগীদের কাছে পৌঁছায় সে বিষয়ে আধিকারিকদের বিশেষভাবে নজর দিতে হবে। গতকাল গোমতী জেলা পঞ্চায়েত রাজ ট্রেনিং ইনস্টিটিউটে মৎস্য, প্রাণীসম্পদ বিকাশ এবং তপশিলি জাতি কল্যাণ দপ্তরের এক পর্যালোচনা সভায় একথা বলেন তিনি। সভায় তিনটি দপ্তরের জেলা আধিকারিকগণ বিভিন্ন উন্নয়নমূলক প্রকল্পের অগ্রগতি ও বাস্তবায়ন নিয়ে বিস্তারিত আলোচনা করেন।

National Livestock Mission :

কল্যাণপুর পঞ্চায়েত সমিতির হলঘরে গতকাল প্রাণীসম্পদ বিকাশ দপ্তরের উদ্যোগে ন্যাশন্যাল লাইভস্টক মিশন নিয়ে এক সচেতনতামূলক কর্মসূচি অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানের উদ্বোধন করে খোয়াই জিলা পরিষদের সভাধিনেত্রী অপর্ণা সিংহ রায় বলেন, রাজ্যের সার্বিক উন্নয়নের পাশাপাশি মাছ, মাংস, ডিম, দুধ উৎপাদনে স্বয়ম্ভুর হতে রাজ্য সরকার বিভিন্ন প্রকল্প রূপায়ণ করছে। কৃষক, প্রাণীপালকদের বিভিন্ন প্রকল্পের সুযোগ গ্রহণ করে আত্মনির্ভর

হতে তিনি তাদের প্রতি আহ্বান জানান। কর্মসূচিতে খোয়াই জেলার ১৪৫ জন কৃষক অংশ নেন।

Workshop on Tribble Dance :

কাঞ্চনপুর মহকুমার গছিরাম পাড়ার সর্বজয় মেমোরিয়াল টাউন হলে জনজাতি কল্যাণ দপ্তরের উদ্যোগে গতকাল থেকে শুরু হয়েছে ১০ দিনব্যাপী মহকুমাভিত্তিক জনজাতি নৃত্য ও সংগীত বিষয়ক কর্মশালা। কর্মশালার উদ্বোধন করেন এডিসির সদস্য শৈলেন্দ্র নাথ। তিনি বলেন রাজ্য সরকার এই ধরনের কর্মশালার মাধ্যমে জনজাতিদের ঐতিহ্যবাহী নৃত্য ও সংগীতের সংরক্ষণ, চর্চা এবং নতুন প্রজন্মের মধ্যে তার প্রসারে বিশেষ গুরুত্ব আরোপ করেছে।

Weather :

আজ আকাশ আংশিক মেঘাচ্ছন্ন থাকবে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩২ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। আজ ভোরে দিনের সর্বনিম্ন তাপমাত্রা ছিল ১৭ ডিগ্রি সেলসিয়াস।

.....